ফাতওয়া নাম্বার:৪৮২ প্রকাশকালঃ১৪-০৮-২০২৪ ইং

নামায কাযা হওয়ার আশঙ্কায় পেশাবের চাপ নিয়ে নামায পড়ার বিধান

প্রশ্ন:

কখনো যদি ঘুম থেকে উঠে দেখি, ফজরের ওয়াক্তের সামান্য সময় অবশিষ্ট আছে। এদিকে টয়লেটেরও চাপ আছে। কিন্তু টয়লেটে গেলে ওয়াক্তই শেষ হয়ে যাবে। এমতাবস্থায় করণীয় কী?

-যুবায়ের

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد

এ ধরনের ক্ষেত্রে আপনি পেশাব-পায়খানার চাপ নিয়েই নামায পড়ে নিবেন, নামায কাযা করবেন না। কারণ, পেশাব-পায়খানার চাপ নিয়ে নামায পড়া মাকরুহ, কিন্তু নামায কাযা করা অনেক বড় বড় গুনাহ। -তাবয়িনুল হাকায়িক: ১/১৬৪, আলবাহরুর রায়িক: ২/৩৫, ফাতাওয়া হিন্দিয়া: ১/১০৭

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

৩০-১১-১৪৪৫ হি.

০৭-০৭-২০২৪ ঈ.